গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.৩৫.০৩৫.২০১৬-১১৮

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৭ / ১৫ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: স্থানীয় সরকার বিভাগের অধীন (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ) সকল সনদ ডিজিটাইজেশন প্রসঙ্গে।

সূত্র: (১) স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার ইউ.ও. নোট নং-১৯৩, তারিখ: ০৮/০২/২০২১ খ্রিস্টাব্দ
(২) অরেঞ্জবিডি লিমিটেড এবং ক্লাইড টেকনোলজিস লিমিটেড এর ১০/০২/২০২১ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে অরেঞ্জ বিডি লিমিটেড এবং ক্লাউড টেকনোলজিস লিমিটেড হতে যৌথভাবে প্রাপ্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। বিষয়টি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ২ (দুই) পৃষ্ঠা।

১৫/০২/২০২১.
(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ------------------------------।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ---------------------------------।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার (সকল), ---------------------।
২। জেলা প্রশাসক (সকল),---------------------------।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

D:\PC-2\Letter.docx

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

প্রশাসন-১ শাখা
স্থানীয় সরকার বিভাগ

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের অধীন (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, উপজেলা পরিষদ) সকল সনদ ডিজিটাইজেশন প্রসংগে।

সূত্রঃ অরেঞ্জবিডি লিমিটেড এবং ক্লাউড টেকনোলজিস লিমিটেড এর ১০/০১/২০২১ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে অরেঞ্জবিডি লিমিটেড এবং ক্লাউড টেকনোলজিস লিমিটেড হতে যৌথভাবে প্রাপ্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হল। বিষয়টি সদয় অবগতি ও প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২(দুই) পাতা।

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

১। উপসচিব (পৌর-১/পৌর-২ শাখা/উপজেলা-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
২। সিনিয়র সহকারী সচিব (ইউনিয়ন পরিষদ-১/ইউনিয়ন পরিষদ-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থনীয় সরকার বিভাগ।

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১০. ২০১৮- ১৯৬

তারিখঃ ২৫ মাঘ ১৪২৭ / ০৮ ফেব্রুয়ারি ২০২১

উপজেলা-২ শাখা
ডায়েরী নং........
তারিখ........
সিঃ সহকারী সচিব/উপসচিব

orangebd
orange business development limited

KLOUD TECHNOLOGIES
DATA | INFRASTRUCTURE | CLOUD & COLO

জানুয়ারি ১০, ২০২১

জনাব মোঃ তাজুল ইসলাম এমপি
মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়: স্থানীয় সরকার বিভাগের অধীনে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ) সকল সনদ ডিজিটাইজেশন প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদক্ষ নির্দেশনায় বাংলাদেশ আওয়ামীলীগের দীর্ঘ এক যুগের পথ পরিক্রমায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলাদেশ আজ ডিজিটাল বাংলাদেশ। ২০০৮ সালের ১২ ডিসেম্বর জাতীয় নির্বাচনের প্রাক্কালে জননেত্রী শেখ হাসিনা ঘোষণা করেন 'রূপকল্প ২০২১' যার মূল উপজীব্য ছিল ডিজিটাল বাংলাদেশ।২০০৯ সালের জানুয়ারি থেকে এর বাস্তবায়ন শুরু হয়।মাননীয় প্রধানমন্ত্রী যে ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখেছিলেন তা আজ বাস্তবে দৃশ্যমান। উন্নয়নের এ ধারা অব্যাহত থাকলে রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে জাতির পিতার স্বপ্নের উন্নত সমৃদ্ধ 'সোনার বাংলা' হিসেবে গড়ে তোলা সম্ভব।

রাষ্ট্রের প্রায় সিংহ ভাগ নাগরিক গ্রাম বা প্রান্তিক পর্যায়ে বসবাস করছে, আবার কিছু অংশ বিদেশে অবস্থান করছেন।স্থানীয় সরকার বিভাগের অধীনে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ) থেকে জনগণের অনেক গুরুত্বপূর্ণ সনদ গ্রহণের প্রয়োজন হয়।তন্মধ্যে নিম্নোক্ত সনদ সেবাসমূহ উল্লেখযোগ্য।

১) নাগরিক সনদের আবেদন
২) চারিত্রিক সনদের আবেদন
৩) ভূমিহীন সনদের আবেদন
৪) একই নামের প্রত্যয়ন আবেদন
৫) বার্ষিক আয়ের প্রত্যয়ন আবেদন
৬) অবিবাহিত সনদের আবেদন
৭) পুনঃ বিবাহ না হওয়া সনদের আবেদন
৮) অনুমতি পত্রের আবেদন
৯) প্রতিবন্ধী সনদের আবেদন
১০) অনাপত্তি পত্রের আবেদন
১১) প্রত্যয়নপত্র
১২) ভোটার এলাকা স্থানান্তর অনাপত্তি পত্র
১৩) ওয়ারিশ সনদের আবেদন
১৪) ট্রেড লাইসেন্স সনদের আবেদন
১৫) পারিবারিক সনদের আবেদন
১৬) অন্যান্য।

এই সেবাসমূহে এখন পর্যন্ত ডিজিটাল সেবার তেমন ছোঁয়া পড়েনি। ফলে নাগরিকদের প্রায়শই সেবা গ্রহণে বিপাকে পড়তে হয়। কোভিড কালীন সময়ে যা আরো বৃদ্ধি পেয়েছে। এছাড়া অনেক সময় সম্ভব হয়ে ওঠে না নাগরিকের তথ্য যাচাই করার। ফলে তথ্য নকল বা জালিয়াতির সম্ভবনা থেকেই যায়। তাছাড়া বিভিন্ন প্রয়োজনে কর্মকর্তাদের পরিষদের বা পৌরসভার বাহিরে অবস্থান করতে হয়, ফলে সনদে স্বাক্ষরের জন্য নাগরিকের পরিষদে একাধিকবার আসতে হয়। এছাড়াও নেই ঘরে বসে অনলাইনে আবেদনের কোন সুযোগ, অথচ ডিজিটাল বাংলাদেশের অন্যতম লক্ষ্য হচ্ছে 'দ্রুত নাগরিক সেবা', যা থেকে নাগরিক বারংবার বঞ্চিত হচ্ছে।

এরই ধারাবাহিকতায় অরেঞ্জ বিজনেস ডেভেলোপমেন্ট বাংলাদেশ লিমিটেড ও ক্লাউড টেকনোলজিস লিমিটেড এর যৌথ উদ্যোগে স্থানীয় সরকার পর্যায়ের নাগরিকদের বিভিন্ন সনদসমূহের ডিজিটাইজেশনের জন্য সনদসেবা / LGD SHEBA সফটওয়্যার তৈরী করেছে। ফলে নাগরিকরা ঘরে বসেই বিশ্বের যে কোন প্রান্ত থেকে সনদ পেয়ে যাচ্ছে। এর মাধ্যমে কমছে নাগরিকের ভোগান্তি, অর্থ এবং সময়ের অপচয়। নাগরিকের সকল তথ্য, জাতীয় পরিচয় পত্র (NID) ও জন্ম নিবন্ধন (BRN) এর মাধ্যমে যাচাই প্রক্রিয়া এই প্লাটফর্ম এ অন্তর্ভুক্ত রয়েছে, ফলে যারা এই দেশের নাগরিক নন বা অনুপ্রবেশকারীদেরকেও সনদ প্রাপ্তি থেকে রহিত করা যাবে খুব সহজেই। সনদ অনুযায়ী নির্ধারিত ফি অনলাইনে প্রদানের সুবিধা ও সকল ট্রানজেকশন অনলাইনে হওয়ায় আর্থিক লেনদেনের হিসাব স্বচ্ছতার সাথে স্বয়ংক্রিয় ভাবে সিস্টেমে সংরক্ষিত থাকবে।

ডায়েরী নং......৭২......
তারিখ....২৮/০১/২০২১
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
(মন্ত্রীর দপ্তর)

প্রশাসন-১/২/জেপ/স ও কা
যুগ্মসচিব (প্রঃ)

## এই সফটওয়্যার ব্যবহারে জাতীয় অর্থনীতিতে বিপ্লবীয় প্রভাবের একটি সংক্ষিপ্ত চিত্র (অনুমেয়)

- প্রতি মাসে সনদের সংখ্যা (আনুমানিক) : ২০, ০০, ০০০

- প্রতি সনদ পেতে অন্যান্য আনুসাঙ্গিক ব্যয় (আনুমানিক) : ১০০ টাকা
  সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে মোট ব্যয় সাশ্রয়: ২০, ০০, ০০০x১০০ = ২০, ০০, ০০০, ০০(বিশ কোটি টাকা) যা বছরে ২৪০ কোটি টাকার ব্যয় সাশ্রয়ের সমতুল্য।

- একটি সনদ পেতে প্রয়োজন (গড়সময়) : ৬ঘন্টা
  মোট সময় সাশ্রয়: ২০, ০০, ০০০x৬ = ১, ২০, ০০, ০০০ ঘন্টা (প্রতি মাসে ৫ লক্ষ কর্মদিবস সাশ্রয়) যা বছরে ৬০ লক্ষ কর্মদিবস সাশ্রয়ের সমতুল্য।

- জনপ্রতিনিধির একটি সনদ অনুমোদন করতে প্রয়োজন (গড়সময়) : ১ ঘন্টা
  মোট কাজের সময় সাশ্রয়: ১x২০, ০০, ০০০ = ২০, ০০, ০০০ ঘন্টা (প্রতি মাসে ৮৩ হাজার কর্মদিবস সাশ্রয়) যা বছরে প্রায় ১০ লক্ষ কর্মদিবস সাশ্রয়ের সমতুল্য।

- **এলজিডি মন্ত্রণালয়ের তৃণমূল পর্যায়ে ডিজিটাইজেশনের অবদানে আরো ২৫ ভাগ এগিয়ে যাবে ডিজিটাল বাংলাদেশ এর রূপকল্প।**

ইতিমধ্যে আমাদের তৈরী সনদসেবা/ LGD SHEBA সফটওয়্যার ব্যবহার করে ১৫০ টি ইউনিয়ন এবং ৩ টি পৌরসভা তাদের স্ব স্ব উদ্যোগে নাগরিক সেবা অনলাইন এর মাধ্যমে প্রদান করছে। ইতিমধ্যে দেশের বেশিরভাগ উদ্যোক্তা, জনপ্রতিনিধি এবং কর্মকর্তাদের মাঝে বিষয়টি নিয়ে ব্যাপক আগ্রহ এবং উৎসাহের সৃষ্টি হওয়ায় স্থানীয় সরকার পর্যায়ের বিভিন্ন স্তর হতে নাগরিক সেবাসমূহ ডিজিটাইজেশনের অনুরোধ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তারই ধারাবাহিকতায় সারাদেশের স্থানীয় সরকার বিভাগের অধীনে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ) সকল উদ্যোক্তাদেরকে এই সফটওয়্যার ব্যবহারের একটি প্রজ্ঞাপন জারি করা যেতে পারে।

**বর্তমানে ব্যবহৃত সফটওয়্যারটি সারাদেশে একযোগে প্রাইভেট পাবলিক পার্টনারশীপ এর মাধ্যমে ব্যবহার করা যেতে পারে। এ ব্যবস্থায় বাংলাদেশ সরকারের কোন ব্যয়ভার বহন করতে হবেনা এবং অনুমতি প্রাপ্তির ৩ মাসের মধ্যে সারাদেশে বাস্তবায়ন সম্ভব।**

উল্লেখ্য, অরেঞ্জ বিজনেস ডেভেলপমেন্ট লিমিটেড, বাংলাদেশ সরকারের ডিজিটাল বাংলাদেশ রূপকল্প ২০২১ বাস্তবায়নে, সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান ও ডিজিটাল উন্নয়ন প্রকল্পে অত্যন্ত দক্ষতা ও সুনামের সহিত নিরলস কারিগরি সহযোগিতা দিয়ে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও আইসিটি বিভাগ কতৃক এটুআই প্রকল্পের আওতায় তথ্য ও সেবা জনগনের হাতের নাগালে পৌঁছানো ক্রমাগত নিশ্চিত করছে। ক্লাউড টেকনোলজিস লিমিটেড বাংলাদেশের অন্যতম আইটি ইনফ্রাস্ট্রাকচার প্রতিষ্ঠান। দেশীয় আইটি ইনফ্রাস্ট্রাকচার প্রতিষ্ঠান হিসেবে অবকাঠামো শিল্পের সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে একটি সুতোধারা বাস্তবায়ন করেছে ক্লাউড টেকনোলজিস লিমিটেড। দেশে বিদেশে বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্লাউড টেকনোলজিস লিমিটেড বাংলাদেশের ইনফ্রাস্ট্রাকচার সুবিধা (Data Connectivity, Corporate Internet, Cloud VPN, Content Delivery) গ্রহণ করছে।

ধন্যবাদান্তে

Orange Business Development Ltd.
Al - Ashraful K...
Director & CEO

আল আশরাফুল কবীর (জুয়েল)
সিইও
অরেঞ্জবিডি লিমিটেড

KLoud Technologies Limited
Managing Director

মির্জা আজম
ব্যবস্থাপনা পরিচালক
ক্লাউড টেকনোলজিস লিমিটেড